# পশ্চিমবঙ্গ রবীন্দ্রমুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা জুন, ২০২৪

## বাংলা

## (প্রথম ভাষা)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

**(For New Syllabus)**

Who registered their names on or after June, 2023

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

**বিভাগ-ক**

১। ঠিক উত্তরে (✓) চিহ্ন দাও ঃ ১×১৭=১৭

১.১. ‘মধুময় তামরস’-এর অর্থ হল

(ক) তামারঙের রস

(খ) পদ্মফুল

(গ) একটি ফলের রস

(ঘ) তাম্রপল্লব

১.২. ‘শপথ’ কথাটির সঠিক অর্থ কোনটি?

(ক) কর্তব্য

(খ) প্রতিজ্ঞা

(গ) ধর্মাচরণ

(ঘ) দায়িত্ব

১.৩. “স্রষ্টা নতুন সৃষ্টিকে বারবার বিধ্বস্ত করছিলেন” কখন?

(ক) উদ্‌ভ্রান্ত মধ্যযুগে

(খ) উদ্‌ভ্রান্ত প্রাচীন যুগে

(গ) উদ্‌ভ্রান্ত আদিম যুগে

(ঘ) উদ্‌ভ্রান্ত আধুনিক যুগে

১.৪. ‘শ্যামা জন্মদার’ কাছে কবি কী বর চেয়েছেন?

(ক) ধনলাভের বর

(খ) অমর হবার বর

(গ) কবি হবার বর

(ঘ) বিখ্যাত হবার বর

১.৫. “খুব তাড়াতাড়ি তোমার কাছে আসব”—কবিতায় কার কাছে আসবে?

(ক) বাবার কাছে

(খ) মায়ের কাছে

(গ) প্রতিবেশীদের কাছে

(ঘ) গ্রামের কোনো এক স্থানে

১.৬. ''কানন-আনন পাণ্ডুর করি''— 'কানন'-এর অর্থ হল

(ক) বাগান

(খ) জঙ্গল

(গ) বন

(ঘ) খামার

১.৭. গাধা পিটিয়ে ঘোড়া করতে গেলে

(ক) গাধাটা পালিয়ে যায়।

(খ) গাধাটা পঞ্চত্ব পায়।

(গ) গাধাটা ঘোড়া হয়ে যায়।

(ঘ) গাধাটা বাঘ বনে যায়।

১.৮. 'অমৃত' শব্দটির অর্থ হল—

(ক) সুধা

(খ) অমরত্ব

(গ) অসহিষ্ণুতা

(ঘ) ঔষধ

১.৯. 'চল কোদাল চালাই' কবিতায় কোন পথে চলার কথা বলা হয়েছে?

(ক) ন্যায়ের পথে

(খ) সত্যের পথে

(গ) জ্ঞানের পথে

(ঘ) সাম্যের পথে

১.১০. 'উদ্‌ভ্রান্ত' শব্দটির অর্থ হল—

(ক) ভুল করা

(খ) এলোমেলো

(গ) দিশাহারা

(ঘ) উন্মাদনা

১.১১. চর্যাপদের আবিষ্কর্তা—

(ক) বিধুশেখর শাস্ত্রী

(খ) হরপ্রসাদ শাস্ত্রী

(গ) সুকুমার সেন

(ঘ) সুনীতি চট্টোপাধ্যায়

১.১২. ‘‘মধ্যদিনের রক্ত নয়ন অন্ধ করিল কে!’’

(ক) কালবৈশাখি

(খ) ঘূর্ণিঝড়

(গ) বালিঝড়

(ঘ) সুনামি

১.১৩. ‘পশ্চাতে’ শব্দটির অর্থ হল ঃ

(ক) পেছনে

(খ) আগে

(গ) দক্ষিণে

(ঘ) সম্মুখে

১.১৪. ধ্বনি-কে লিখে বোঝাবার জন্য যে চিহ্ন তাকে বলি—

(ক) বর্ণ

(খ) মান্য চলিতভাষা

(গ) স্বরধ্বনি

(ঘ) গুরুচণ্ডালি

১.১৫. ‘‘তারপর শিরোমণি মশায় জিজ্ঞাসা করলেন—এই জলসত্র কাদের?’’

(ক) আমতোরের বিশ্বাসদের।

(খ) রতনপুরের কৈবর্তদের।

(গ) নবাব গঞ্জের ছমিরুদ্দি মিঞার।

(ঘ) বৃদ্ধ মাধব শিরোমণি মশায়ের।

১.১৬. ‘‘তুমি আমার ছেলে বাবা’’— এ কথা বলেছিলেন

(ক) কুলি

(খ) বৃদ্ধা

(গ) অপেক্ষারত যাত্রী

(ঘ) রেলকর্মী

১.১৭. ‘পঁচিশ বৎসর পূর্বে একবার আমি’
কলকাতায় এসেছিলুম’— তখন লেখকের বয়স কত ছিল?

(ক) দশ-এগারো

(খ) এগারো-বারো

(গ) বারো-তেরো

(ঘ) নয়-দশ

## বিভাগ-খ

২। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও (*যে কোনো ছয়টি*) ঃ ২×৬=১২

(ক) গফুর কোথায় বাস করে?

(খ) সীতারাম কে?

(গ) ‘‘আমাকে একটু নামিয়ে দাও না বাবা’’—কে কাদের এই অনুরোধ করেছেন?

(ঘ) বিদেশ ভ্রমণকালে কার নিয়মিত সঙ্গী ছিলেন অবলা বসু?

(ঙ) বিদ্যাসাগর মহাশয়ের পিতার নাম কী? তিনি কোথায় থেকে জীবিকা নির্বাহ করতেন?

(চ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের রচয়িতা কে?

(ছ) ‘ধর্মমঙ্গল’ কাব্য রচনার উদ্দেশ্য কী ছিল?

(জ) ‘বাউলদের’ শ্রেষ্ঠ গীতিকারের নাম লেখো।

## বিভাগ-গ

৩। *যে কোনো নয়টি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৯=৩৬

(ক) ‘‘ইস! সাধ করে আবার নাম রাখা হয়েছে মহেশ’’— এখানে কে কথাটি বলেছে? কার নাম রাখার কথা বলা হয়েছে?

(খ) ‘মাইল স্টোন’ শব্দটির অর্থ কী?

(গ) ‘স্ত্রীজাতির অবনতির কারণ’ বিশ্লেষণ করতে গিয়ে বেগম রোকেয়া প্রধানত কী বলেছেন স্ত্রীজাতিকে নিয়ে এবং পুরুষদের নিয়ে?

(ঘ) ‘‘অধিরথসুত পুত্র, রাধাগর্ভ জাত সেই আমি’’— কে কেন নিজেকে অধিরথসুত বলেছেন?

(ঙ) ‘‘ওমা, এ যে দাদা, তুমি কবে এলে’’—কে একথা বললেন? দাদা কে? তাঁর নাম লেখো।

(চ) ব্রতচারীদের কয়টি ব্রত ও কী কী?

(ছ) ‘‘বালক তাহা কোনো মতেই ভাবিয়া ঠাহর করিতে পারিতেছিল না’’—এখানে বালক বলতে কার কথা বলা হয়েছে? কোন বিষয়টি বালক ভেবে পাচ্ছিল না?

(জ) আঠারো বছর বয়সের গুণাগুণ কী সংক্ষেপে আলোচনা করো।

(ঝ) ‘‘পঞ্চবটী’’ বলতে কী বোঝায়?

(ঞ) ‘‘আজ সেই অপু সর্বপ্রথম গ্রামের বাহিরে পা দিল’’—কোন রচনার অংশ? অপুর গ্রামের নাম কী? তার বাবা, মা ও দিদির নাম লেখো।

(ট) ‘কালবৈশাখী’ কবিতার কবির নাম কী? ‘বিজয়শঙ্খ’ বাজিয়ে কারা ফিরে যাচ্ছে?

(ঠ) ‘‘সে সময়কার পাঠশালার কিঞ্চিৎ বিবরণ দেওয়া আবশ্যক’’। সে যুগের পাঠশালা কোথায় খোলা হত? গুরুগণ কোথা থেকে আসতেন?

## বিভাগ-ঘ

*যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৫=২৫

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ

৪.১. চলিত ভাষায় রূপান্তর করো ঃ ১×৫

(ক) এক্ষণে উঠিতে হইবে।

(খ) কোথা হইতে আসিতেছ?

(গ) স্বল্পকাল বসিয়া যাও।

(ঘ) ঊর্ধ্বে উঠাইয়া দিতেছি।

(ঙ) দুই ভ্রাতার কথা কাটাকাটি চলিতে লাগিল।

৪.২. সন্ধি বিচ্ছেদ করো (*পাঁচটি*) ঃ ১×৫

পরীক্ষা, মরূদ্যান, স্বেচ্ছা, গণেশ, সপ্তর্ষি, অত্যন্ত।

৪.৩. সমাস কাকে বলে? তাদের ক-টি শ্রেণিতে ভাগ করা হয় ও কী কী? ৫

৪.৪. নিম্নলিখিত শব্দবন্ধগুলির সংক্ষিপ্ত রূপ লেখো ঃ ১×৫

(ক) যা ফুরায় না,

(খ) যে আপনাকে হত্যা করে,

(গ) পানের অযোগ্য,

(ঘ) পূর্বজন্মের কথা স্মরণে আছে যার,

(ঙ) হনন করার ইচ্ছা।

৫. ভাবসম্প্রসারণ করে দেখাও ঃ ৫

"শোন রে মানুষ ভাই/সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।"

অথবা

বাংলায় অনুবাদ করো ঃ ৫

The most pressing problem of India today which requires immediate solution, is the problem of poverty. Millions of people in India are half-fed and ill-clad. The tillers of the soil lives in the most appalling condition.

৬। পত্র রচনা করো ঃ ৫

তোমার দিদির বিবাহ উপলক্ষে ২দিনের ছুটি প্রার্থনা করে প্রধানশিক্ষক-শিক্ষিকার কাছে একটি পত্র লেখো।

৭। যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো ঃ (২০০ শব্দের মধ্যে) ৫

(ক) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;

(খ) একটি বইমেলা;

(গ) আচার্য প্রফুল্লচন্দ্র রায়;

(ঘ) তোমার জীবনের লক্ষ্য।